



২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি
কোর্সে কোটায় মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

তারিখ : ১২.০৪.২০২৬

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০২.০৪.২০২৬ খ্রি. তারিখের ১৬(৬৯৩) জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২৩-২০২৪/৫৭৪৪ এর বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) এম.এ/এম.এস.এস/এম.এস.সি কোর্সে কোটায় মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে। কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের তাদের কোটার স্বপক্ষে প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্র নিয়ে আগামী ১৫.০৪.২০২৬ খ্রি. এবং ১৯.০৪.২০২৬ তারিখ সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টার মধ্যে ভর্তি কমিটির আহ্বায়ক ও প্রাণিবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর কনিকা প্রভা দেবী এঁর নিকট সাক্ষাৎকার প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:

- ১। মুক্তিযোদ্ধা কোটায় ভর্তি ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূলসনদ পত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ২। আদিবাসী / দৃষ্টি প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী কর্মকর্তা / উপজেলা সমাজ সেবা অফিসার কর্তৃক ইস্যুকৃত মূল সনদপত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান ও সন্তানাদি পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে পোষ্য হিসেবে প্রমাণপত্র এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর থেকে পোষ্য হিসেবে মূল প্রত্যয়ন পত্র এবং ০৩ সেট ফটোকপি।
- ৪। জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে applicant Login অপশন থেকে Masters Preli. (REGULAR) Applicant Login করে অনলাইনে পূরণকৃত চূড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ৫। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে User ID : ctgstudent, Password: ctgstudent গিয়ে Admission ক্লিক করে চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ৬। ভর্তি ফরমে নীচে উল্লিখিত ভর্তি ফি উপায়/রকেট/বিকাশ/সোনালী পে অ্যাপস এর মাধ্যমে ১৫.০৪.২০২৬ খ্রি. এবং ১৯.০৪.২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে (সরকারি ছুটির দিন ব্যতীত)।
- ৭। ভর্তি ফি পরিশোধ সফল হলে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) টি কপি ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- ৮। ভর্তি ফি জমাদান পূর্বক স্ব স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দেওয়ার মাধ্যমে ভর্তি সম্পন্ন করতে হবে:
 - * জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ডকপি
 - * দ্বৈত ভর্তির নাই মর্মে অঙ্গীকার নামা
 - * ভর্তি ফি পরিশোধের মাধ্যমে প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) কপি
- ৯। শিক্ষার্থীরা উপরোল্লিখিত কাগজপত্র স্ব স্ব বিভাগে ১৫.০৪.২০২৬ এবং ১৯.০৪.২০২৬ খ্রি. সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০ টার মধ্যে জমা দিতে হবে।
- ১০। ভর্তি ফি এর পরিমাণ: এম.এ / এম.এস.এস ৫৬২০/- (পাঁছ হাজার ছয়শত বিশ), এম.এসসি ৫৮৯৫/- (পাঁচ হাজার আটশত পঁচানব্বই)।
(অমুসলিম শিক্ষার্থীদের ৫০/- (পঞ্চাশ) টাকা কম জমা দিতে হবে)

সংশ্লিষ্ট বিভাগের করণীয়:

- ১। ভর্তি ফির পরিমাণ এবং শিক্ষার্থীর প্রদানকৃত উপরোল্লিখিত সকল কাগজপত্র যাচাইপূর্বক ১৫.০৪.২০২৬ ও ১৯.০৪.২০২৬ খ্রি. পর্যন্ত দুপুর ১২:০০ টার মধ্যে জমা গ্রহণ।
- ২। বিভাগ কর্তৃক ভর্তি ফরম নিশ্চয়নের পর কমিটি/সংশ্লিষ্ট অফিস সহকারীর নিকট জমাদানের শেষ তারিখ: ২০.০৪.২০২৬ খ্রি.

প্রতি স্বাক্ষর :

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

(প্রফেসর কনিকা প্রভা দেবী)

বিভাগীয় প্রধান, প্রাণিবিজ্ঞান

ও

আহ্বায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২০২৩

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৩। অফিস নথি।